

রাবি ক্যাম্পাস উত্তপ্ত : কর্মচারীদের সংঘর্ষ, ভিসি অফিস ঘেরাও

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের কমিটি গঠন নিয়ে বিভিন্ন ফরমের শেফাউন, রাবির জাতীয়তাবাদী শ্রমিক কর্মচারী ইউনিয়নের নির্বাচনে ভয়ভুতির ঘটনার জের ধরে সংঘর্ষ ও বহুল আন্দোলিত ৫৪৪ কর্মচারীর উপ-উপচার্যের কার্যালয় ঘেরাওয়ের ঘটনায় ক্যাম্পাস গতকাল শনিবার ছিল চরম উত্তপ্ত। এসব ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-কর্মকর্তাদের মাঝে চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ ও দাঙ্গা পুলিশ মোতায়েন করা হয়েছে।

জানা যায়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মচারী ইউনিয়নের নির্বাচনে পরাজয়ের ঘটনাকে কেন্দ্র করে গত বৃহস্পতিবার থেকেই বিএনপি সমর্থক দল কর্মচারীর মধ্যে উত্তেজনা বিরাজ করছে। গতকাল শনিবার সকাল থেকে দুপুর পর্যন্ত উভয় ফরমের সমর্থকদের মধ্যে দফায় দফায় ধাওয়া-পান্টা ধাওয়া ও হামলার ঘটনা ঘটে। এতে কর্মচারী শহিদুল ইসলাম বাবু, মতিউর রহমান, হুমায়ুন কবির স্বপনসহ কমপক্ষে ৭ কর্মচারী আহত হন।

এদিকে ছাত্রদল রাবি শাখার ৬১ সদস্যের নতুন আহ্বায়ক কমিটিতে প্রকৃত ছাত্র ও জাগী নেতাকর্মীরা স্থান পায়নি এমন অভিযোগ এনে তা বাতিলের দাবি জানিয়ে গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাফেটেরিয়ায় বিভিন্ন দল কর্মিটির নেতৃবৃন্দ সংবাদ সম্মেলনের আয়োজন করেন। এতে ৬১ জন নেতা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে অভিযোগ করে বলা হয়, ৬১ সদস্যের আহ্বায়ক কমিটিতে ছাত্র শিবির ও অফিসেরা স্থান পেয়েছে।

তারো অবিলম্বে ছাত্রদল রাবি শাখার আহ্বায়ক কমিটি বাতিল করে জাগী ও প্রকৃত নেতাকর্মীদের নিয়ে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা না হলে মানববন্ধন, অবস্থান ধর্মঘটনসহ আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা

হবে বলে সংবাদ সম্মেলনে ঘোষণা দেয়া হয়।

ছাত্রদের নতুন আহ্বায়ক কমিটির যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ রেজার নেতৃত্বাধীন গ্রুপ গতকাল ক্যাম্পাসে ব্যাপক শো-ডাউন করেছে।

অন্যদিকে হাইকোর্টের আপিল বিভাগের ছাগিতাদেশ অনুযায়ী রাবির বহুল আন্দোলিত ৫৪৪ কর্মচারী তাদের চাকরি স্থায়ীকরণের দাবিতে গতকাল বেলা ১১টার দিকে উপ-উপচার্যের কার্যালয় ঘেরাও করেন। তাদের এতরকম ভিত্তিক চাকরির মেয়াদ আগামী ৬ আগস্ট পর্যন্ত আছে। ঘেরাও কর্মসূচি পালনকালে কর্মচারীদের একটি প্রতিনির্দি দল উপ-উপচার্যের সঙ্গে সাক্ষাৎ করে।